

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৬-১৩০৭


তারিখঃ ২৪.০৮.২০১৬খ্রিঃ

আদেশ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ডাঃ আবদুচ ছালাম (১০১৬৭৬০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশপুর, কক্সবাজার (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, জেলা সদর হাসপাতাল, কক্সবাজার) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ব্লজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) মোতাবেক ডাঃ মোহাম্মদ আজিজুর রহমান সিদ্দিকী (৪১১৭৭), সিভিল সার্জন, চট্টগ্রামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হল।

২। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার তারিখ, সময় ও স্থান যথানিয়মে অভিযুক্ত কর্মকর্তাসহ অন্যান্যদের অবহিত করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১০ বিধি মোতাবেক প্রত্যেকটি অভিযোগের উপর মতামত, সাক্ষীদের জবানবন্দী ও জেরার লিখিত মূল কপি সহ সুস্পষ্ট মতামত সম্বলিত তদন্ত প্রতিবেদন ৩০(ত্রিশ) দিনের মধ্যে দাখিল করবেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত/প্রমানিত নয় সম্পর্কে অবশ্যই মতামত প্রদান করতে হবে।

সংযুক্তঃ পাতা।


২৪/০৮/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd


ডাঃ মোহাম্মদ আজিজুর রহমান সিদ্দিকী (৪১১৭৭)
সিভিল সার্জন
চট্টগ্রাম।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৬-১৩০৭/২(৭)

তারিখঃ ২৪.০৮.২০১৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে তদন্ত কর্মকর্তার নিকট মামলা উপস্থাপনের নিমিত্ত কনডাক্টিং অফিসার নিয়োগ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মশেহখালী, কক্সবাজার।
- ৭। ডাঃ আবদুচ ছালাম (১০১৬৭৬০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশপুর, কক্সবাজার।


২৪/০৮/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd